**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) কেন্দ্রীয় প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে রজ্যে গ্রামীন এলাকায় উন্নয়নমূলক কাজকর্ম বাস্তবায়ন নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের সর্বাত্মক উন্নয়ন এবং ক্ষমতায়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।**

**(৩) কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে কৃত্রিম বুদ্ধিমত্তা, স্বাস্থ্যসেবা, শিক্ষা, কৃষি, উৎপাদন, শাসন এবং পরিকাঠামোর মতো ক্ষেত্রে একটি রূপান্তরকারী শক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে।**

**(৪) স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া পরিচালিত ও ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড আয়োজিত চার দিন ব্যাপী অনূর্ধ্ব ১৭ বছর বালক বিভাগে ৬৯তম জাতীয় স্কুল যোগাসন প্রতিযোগিতা আজ শেষ হয়েছে।**

******************************************

**Central Minister–Gomati :**

কেন্দ্রীয় সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে দুইদিনের গোমতি জেলা সফরের উদ্দেশ্যে আজ উদয়পুরে যান। আজ তিনি উদয়পুর সার্কিট হাউসে সমাজপতিদের সঙ্গে মত বিনিময় করেন। এর আগে সকালে মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দিরে পূজা দেন তিনি।

তারপর শ্রী উইকে'র পৌরহিত্যে উদয়পুর সার্কিট হাউসের কনফারেন্স হলে গোমতী জেলাভিত্তিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় গোমতী জেলায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের রূপায়ণ ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সেখানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সংবাদ মাধ্যমকে জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের গ্রামীন এলাকার আর্থ–সামাজিক অবস্থা

আরো শক্তিশালী করতে আন্তরিক প্রয়াস চালিয়ে যাচ্ছে। ত্রিপুরায় ত্রিস্তর গ্রাম পঞ্চায়েতে যেভাবে উন্নয়নে কর্মযজ্ঞ চলছে পাশাপশি বহুমুখী উন্নয়নে মহিলারা যেভাবে সামনে এগিয়ে এসেছেন তাতে অবশ্যই আরো দ্রুত গ্রামীন এলাকা সর্বাঙ্গীন বিকাশ হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সময়মতো স্বচ্ছতার সঙ্গে প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

#####Byte-Durgadas Wicke#####

বিকেলে কেন্দ্রীয় মন্ত্রী এক নম্বর ফুল কুমারী মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্রে প্রসূতি মায়েদের মধ্যে পোষণ কিট বিতরণ করেন। বেশ কয়েকজন প্রসূতি মাকে সাধভক্ষণ অনুষ্ঠানে তাদের সংবর্ধনা জানান। তাছাড়া আরো বেশ কিছু উন্নয়নমূলক প্রকল্প পরিদর্শন করেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আজ সকালে আগরতলায় রাজ্যের জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যের জনজাতি সমাজের সার্বিক উন্নয়ন, তাদের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

*********************************

**CM-Dhalai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের সর্বাত্মক উন্নয়ন এবং ক্ষমতায়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আজ ধলাই জেলার মনুঘাট বাজারে বিজেপি-র করমছড়া মন্ডল আয়োজিত রোড শো এরপর একটি জনসভায় তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, জনজাতি অধ্যুষিত এলাকার জনগণ বুঝতে পারছেন তাদের প্রকৃত এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন শুধুমাত্র বিজেপি নেতৃত্বাধীন সরকারের অধীনেই সম্ভব।

এদিকে, বড়মুড়ায় বিজেপি আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যে জনজাতিদের উন্নয়নে গৃহিত কর্মসূচি বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিজেপি-র প্রদেশ সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধানসভার মুখ্য সচেতক কল্যানী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, প্রদেশ সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা প্রমুখ।

******************************

**Assembly Saransabha :**

অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের স্মরণসভা আগামীকাল বিধানসভার লবিতে সকাল ১১টা থেকে শুরু হবে। উপস্থিত থাকবেন বিধানসভার ভারপ্রাপ্ত অধ্যক্ষ রামপ্রসাদ পাল, কৃষিমন্ত্রী রতন লাল নাথ, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী ও মুখ্য সচেতক কল্যাণী রায়।

*****************************

**Package Story-G RAM G :**

২০৪৭ সালের মধ্যে বিকশিত বা উন্নত ভারতের লক্ষ্য পূরণের ভাবনায় চালু হয়েছে ভিবি-জি রাম জি আইন, ২০২৫। যার ফলে গ্রামীণ এলাকার জনগণ বিশেষ ভাবে উপকৃত হবেন। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

*****************************

**MP Rajib Bhattacharjee :**

সাংসদ রাজীব ভট্টাচার্য ও কারামন্ত্রী শান্তনা চাকমা আজ পেঁচারথল ব্লকের অধীন উত্তর মাছমারার জনার্দনপাড়ায় দেরাদুনে নিহত ছাত্র এঞ্জেল চাকমার বাড়িতে যান। আকাশবাণীকে এক সাক্ষাৎকারে সাংসদ শ্রী ভট্টাচার্য জানান, এঞ্জেল চাকমার হত্যাকারীদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করতে উত্তরাখণ্ড সরকার ও ত্রিপুরা সরকার কাজ করে চলেছে।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Ashwini Vaishnaw :**

কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে কৃত্রিম বুদ্ধিমত্তা, স্বাস্থ্যসেবা, শিক্ষা, কৃষি, উৎপাদন, শাসন এবং পরিকাঠামোর মতো ক্ষেত্রে একটি রূপান্তরকারী শক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে। শ্রী বৈষ্ণো জয়পুরে আয়োজিত কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলনে ভার্চুয়াল ভাবে ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন যে কৃত্রিম বুদ্ধিমত্তা কেবল ভবিষ্যতের প্রযুক্তি নয় বরং একটি শক্তিশালী হাতিয়ার যা ইতিমধ্যেই মানুষের জীবন এবং কাজের ধরণকে নতুন করে রূপ দিচ্ছে। তিনি ঘোষণা করেন যে আগামী মাসে ভারতে গ্লোবাল এআই ইমপ্যাক্ট সামিট অনুষ্ঠিত হবে। মন্ত্রী বলেন যে, আগামী বছরের মধ্যে দশ লক্ষ তরুণ এবং ক্ষুদ্র উদ্যোক্তা AI দক্ষতা অর্জন করবেন। শ্রী বৈষ্ণো উল্লেখ করেন যে ভারত AI-তে প্রায় ৭০ বিলিয়ন ডলার বিনিয়োগের সাক্ষী হচ্ছে, যা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিনিয়োগ। তিনি বলেন যে সরকার কৃত্রিম বুদ্ধিমত্তার দায়িত্বশীল, অন্তর্ভুক্তিমূলক এবং নীতিগত ব্যবহারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, কেন্দ্র ভারত কৃত্রিম বুদ্ধিমত্তা মিশনের জন্য ১০ হাজার কোটি টাকারও বেশি বাজেট বরাদ্দ করেছে।

রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

****************************

**Piyush Goyal :**

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েল আজ বলেছেন যে, বিকশিত ভারত গঠন এবং দেশের দীর্ঘমেয়াদী সামাজিক ও অর্থনৈতিক ভবিষ্যৎ সুরক্ষিত করার জন্য অপুষ্টি দূর করা অপরিহার্য। নতুনদিল্লিতে জাতীয় দুগ্ধ উন্নয়ন বোর্ড কর্তৃক আয়োজিত পুষ্টি বিষয়ক সিএসআর কনক্লেভে ভাষণ দিতে গিয়ে শ্রী গোয়েল বলেন যে অপুষ্টি একটি জটিল চ্যালেঞ্জ যার জন্য সমন্বিত পদক্ষেপ প্রয়োজন। তিনি বলেন, কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা ব্যবসাকে সামাজিক প্রভাবের সঙ্গে সংযুক্ত করার একটি অনন্য সুযোগ প্রদান করে, বিশেষ করে অপুষ্টি মোকাবেলায়। তিনি বলেন যে অপুষ্টির বিরুদ্ধে লড়াইকে সরকার, কর্পোরেট, সম্প্রদায় এবং ব্যক্তিদের সম্মিলিত জাতীয় দায়িত্ব হিসেবে অনুসরণ করতে হবে।

তিনি অপুষ্টির মূল কারণগুলি মোকাবেলায় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রকের কেন্দ্রীয় ভূমিকার উপর জোর দেন। তিনি বলেন যে গর্ভাবস্থায় এবং শৈশবকালে সঠিক পুষ্টি নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ অপুষ্টি প্রায়শই জন্মের আগেই শুরু হয়।

***************************

**Voice Over-India Made Ease of Doing Business :**

২০২৫ সাল ছিলো ব্যতিক্রমী। এই বছর ভারত ব্যবসা সহজ করা থেকে ব্যবসা উন্মুক্ত করার দিকে এগিয়েছে। যদি ১৯৯১ সাল উদারীকরণের বছর হয়ে থাকে, তবে ২০২৫ সাল হলো নিয়ন্ত্রণমুক্তির বছর। যদি ১৯৯১ সাল ভারতকে তার "উদ্যোগী প্রাণশক্তি" দিয়ে থাকে, তবে ২০২৫ সাল অবশেষে সেই প্রাণশক্তিকে একটি খাঁচামুক্ত পরিবেশ দিয়েছে। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

*******************************

**National School Yoga :**

স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া পরিচালিত ও ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড আয়োজিত চার দিন ব্যাপী অনূর্ধ্ব ১৭ বছর বালক বিভাগে ৬৯তম জাতীয় স্কুল যোগাসন প্রতিযোগিতা আজ শেষ হয়েছে। আসরে শেষ পর্যন্ত ৩৩টি রাজ্য ও ইউনিট অংশ নেয়। দুটি স্বর্ণ ও দুটি রৌপ্য পদক নিয়ে মহারাষ্ট্র আসরে অভারঅল চ্যাম্পিয়ন হয়। দুটি স্বর্ণ নিয়ে প্রথম রার্নাস হয় ত্রিপুরা। রাজ্যদলের হয়ে দুটি স্বর্নপদক অর্জন করে ছায়ানস্মীর্থ দেব ও আকাশ ভৌমিক। দ্বিতীয় রার্নাস হয় পশ্চিম বাংলা। ব্যাক্তিগত ভাবে ২টি স্বর্ণ ও ১টি রৌপ্য নিয়ে সেরা হয় মহারাষ্ট্রের অংশ রূপেশ মায়েকার। পুরস্কার বিতরনী অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় সহ বিশিষ্টজনেরা উপস্থিতি ছিলেন।

****************************

**Dist. Level Inter Football :**

কৈলাসহর মহকুমার অন্তর্গত দেওরাছড়া এডিসি ভিলেজের সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠে আজ ঊনকোটি জেলাভিত্তিক বিরসা মুন্ডা মেমোরিয়্যাল আন্তঃ হোস্টেল ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। এই প্রতিযোগিতায় বালক বিভাগে কৈলাসহরের বেলকুমবাড়ি এসটি হোস্টেলের দল ও বালিকা বিভাগে কুমারঘাটের ফাতিমা কনভেন্ট গার্লস হোস্টেলের দল চ্যাম্পিয়ান হয়। চ্যাম্পিয়ান দল রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ রাত থেকে আগামীকাল পশ্চিম জেলা, খোয়াই, গোমতী, সিপাহীজলা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************